

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
রিজিওনাল প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.১৩৭০

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: এলজিইডির অধীনে ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন ঢাকা মাওয়া রোডের তেঘরিয়া থেকে সাপের বাজার ভায়া মোল্লারহাট সড়ক (অংশ-১) ও (অংশ-২) প্রস্তুতকরণের জন্য (৯,৪৮৫১+১২.১৪৫৩) মোট ২১.৬৩০৪ একর এবং জিজিরা-কোন্ডা ভায়া মীরের বাগ বাজার, বেয়ারা বাজার সড়ক এবং বনগ্রাম- জিন্দাপীর মাজার সড়ক প্রশস্তকরণের জন্য (৪.২৪৪৭+২.২১১৫৯) মোট ৬.৪৬০৬ একর সর্বমোট ২৮.০৯১ একর জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: তাঁর দপ্তরের স্মারক নং- ৪৬.০২.০০০০.৯৯৮.৯৯.০১১২২-২৮৯, তারিখঃ ২২/১২/২০২২

যথাযথ সম্মান পূর্বক উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডির অধীনে ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলার গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন প্রকল্পের আওতায় ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলাধীন ঢাকা মাওয়া রোডের তেঘরিয়া থেকে সাপের বাজার ভায়া মোল্লারহাট সড়ক (অংশ-১) ও (অংশ-২) প্রস্তুতকরণের জন্য (৯,৪৮৫১+১২.১৪৫৩) মোট ২১.৬৩০৪ একর এবং জিজিরা-কোন্ডা ভায়া মীরের বাগ বাজার, বেয়ারা বাজার সড়ক এবং বনগ্রাম- জিন্দাপীর মাজার সড়ক প্রশস্তকরণের জন্য (৪.২৪৪৭+২.২১১৫৯) মোট ৬.৪৬০৬ একর সর্বমোট ২৮.০৯১ একর জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তিপত্র চেয়ে আবেদন করেছে। প্রস্তাবিত এলাকার সংক্ষিপ্ত তফসিল নিম্নরূপঃ

ক্রমিক		জেলা	উপজেলা	মৌজার নাম	জমির পরিমাণ (একর)
১	ঢাকা মাওয়া রোডের তেঘরিয়া থেকে সাপের বাজার ভায়া মোল্লারহাট সড়ক (অংশ-১) প্রস্তুতকরণ	ঢাকা	কেরাণীগঞ্জ	ইকুরিয়া, তেঘরিয়া, বেয়ারা, আরাকুল ও বক্তা	৯.৪৮৫১
২	ঢাকা মাওয়া রোডের তেঘরিয়া থেকে সাপের বাজার ভায়া মোল্লারহাট সড়ক (অংশ-২) প্রস্তুতকরণ			বক্তা ও সাওরাইল	১২.১৪৫৩
৩	জিজিরা-কোন্ডা ভায়া মীরের বাগ বাজার, বেয়ারা বাজার সড়ক এবং বনগ্রাম- জিন্দাপীর মাজার সড়ক প্রশস্তকরণ			মইয়াতোলা, মীরেরবাগ, ইকুরিয়া, বেয়ারা, মজিদ বেয়ারা ও আরাকুল	৬.৪৬০৬
মোট					২৮.০৯১

অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের নিমিত্তে উক্ত স্থানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনে দেখা যায় এলাকাটিতে অল্প কিছু কাঁচা-পাকা দোকান ও বাড়ি রয়েছে। প্রস্তাবিত জমিতে কোনরূপ ধর্মীয় প্রতিষ্ঠান নেই। অনাপত্তিপত্র প্রক্রিয়াকরণের জন্য অত্র দপ্তরে প্রেরণকৃত তথ্য ও উপাত্ত যাচাই করে দেখা যায় রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র রয়েছে।


এতাবস্থায় প্রস্তাবিত এলাকাটি জনস্বার্থে ব্যবহার হবে বিধায় পত্রের সাথে সংযুক্ত বিস্তারিত সিডিউলে উল্লেখিত দাগ নম্বর এ উল্লেখিত জমির পরিমাণ অনুযায়ী মোট ২৮.০৯১ একর জমি অধিগ্রহণে নিম্নলিখিত শর্তসাপেক্ষে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাইঃ

- প্রস্তাবিত জমি ব্যতীত অন্য কোনো জমি ব্যবহার করা যাবে না।
- অধিগ্রহণকৃত এলাকার ভূমি ব্যবহার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ডিটেইল্ড এরিয়া প্ল্যান ২০১৬-২০৩৫ এর ভূমি ব্যবহারের সাথে সাংঘর্ষিক হওয়া যাবে না।
- পানির স্বাভাবিক প্রবাহকে বাধাগ্রস্ত করা যাবে না।

৪. কোন প্রকার আইনগত জটিলতার ক্ষেত্রে জমি অধিগ্রহনকারী নিজস্ব ব্যবস্থাপনায় সমাধান করবেন। নগর উন্নয়ন অধিদপ্তর দায়ী থাকবে না।

সংযুক্তিঃ

- ১। সার্ভে প্রতিবেদন।
- ২। বিস্তারিত মৌজা সিডিউল।
- ৩। মৌজার উপর এলাকা চিহ্নিত ম্যাপ।
- ৪। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র।



১৬-০৫-২০২৩
কাজী মোঃ ফজলুল হক
সিনিয়র প্ল্যানার
২২৩৩৫২২৮১
fhaq321@yahoo.com


প্রকল্প পরিচালক, এলজিইডি, আরডিইসি ভবন (লেভেল-০৫), আগারগাঁও, শের-ই বাংলানগর, ঢাকা-১২০৭।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০৪১.১৭.১৩৭০/১ (৮)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৩। উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৪। সিনিয়র প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৫। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৬। প্ল্যানার, রিজিওনাল প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৭। প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ৮। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



১৭-০৫-২০২৩
ইসরাত জাহান
প্ল্যানার

সকল সংযুক্তিসমূহ:

- (১) সার্ভে প্রতিবেদন
- (২) বিস্তারিত মৌজা সিডিউল
- (৩) মৌজার উপর এলাকা চিহ্নিত ম্যাপ
- (৪) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ছাড়পত্র